<u>পরিশিষ্ট-ক</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট (ওটিআই), প্রাণিসম্পদ অধিদপ্তর

এবং

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ – জুন ৩০, ২০১৮

# সূচিপত্র


কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**উপক্রমণিকা**

সেকশন ১:  রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms)

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি

# অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট, সাভার, ঢাকা-এর বার্ষিক কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Officer's Training Institute)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

প্রাণিসম্পদ অধিদপ্তরের লক্ষ্য দেশের নিরাপদ প্রাণিজ আমিষের চাহিদা পূরণ । এ লক্ষ্যে অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট, সাভার, ঢাকা প্রাণিসম্পদ বিভাগীয় কর্মকর্তাদের প্রশিক্ষণনের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করে মাঠ পর্যায়ের কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে । প্রাণিসম্পদের উন্নয়নের সাথে সংশ্লিষ্ট জনশক্তির দক্ষতা বৃদ্ধি ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানের কাজ মূলত প্রাণিসম্পদ অধিদপ্তরের দক্ষ জনবলের মাধ্যমেই পরিচালিত হয়ে থাকে এবং সকল কার্যক্রম অধিদপ্তরের অধীনস্থ কর্মকর্তাদের মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে। কর্মরত অবস্থায় নব প্রযুক্তি ও গবেষণার ফলাফলের সাথে পরিচিত হওয়া, সর্বোপরি সাম্প্রতিক সরকারি নীতিমালা এবং বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের নীতি ও কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির প্রয়োজন। অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট প্রশিক্ষণের মাধ্যমে চাকুরীরত কর্মকর্তাদের পেশাগত জ্ঞানের উৎকর্ষ সাধন, পেশাগত দক্ষতাকে শানিত করা এবং প্রাণিসম্পদ এর উন্নয়নের জন্য দেশে- বিদেশে উদ্ভাবিত নতুন লাগসই প্রযুক্তি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাঝে হস্তান্তর এবং বাস্তবায়নের ব্যবস্থা করে থাকে। ইতোপূর্বে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নব নিযুক্ত বিসিএস (লাইভস্টক) এবং বিসিএস (মৎস্য) ক্যাডারের কর্মকর্তাদের ১৯৮৬-১৯৯১ ইং অর্থ বছরে দুই মাস মেয়াদী ১৯ টি ব্যাচে ১২২৬ জন কর্মকর্তাকে বুনিয়াদি প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করা হয়েছে। অধিকন্তু, ২০১৫-২০১৬ অর্থ বছরে বিসিএস প্রশাসন ও পুলিশসহ মোট ৮টি ক্যাডারের কর্মকর্তাদের ছয় মাস ব্যাপী ৪৮ জন কর্মকর্তাকে অত্র প্রতিষ্ঠাণে বুনিয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ওটিআই প্রতিষ্ঠার পর থেকে বিভাগীয় জনশক্তির মেধার বিকাশ, দক্ষতা বৃদ্ধি এবং লাগসই প্রযুক্তি হস্তান্তরে এ প্রতিষ্ঠান ১৯৮৬- ২০১৭ইং পর্যন্ত ৩৯৪ টি ব্যাচে বিভিন্ন মেয়াদী মোট ৭০ টি প্রশিক্ষণ কোর্সে মোট ১০,৫১৭ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের পাশাপাশি অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট সরকারী ও বেসরকারী বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে সেমিনার ও কর্মশালার আয়োজন করে থাকে। প্রতিষ্ঠালগ্ন হতে অদ্যবধি অত্র প্রতিষ্ঠান ১৪টি কর্মশালা এবং ১০টি দেশী ও আন্তর্জাতিক সেমিনার/কর্মশালা সম্পন্ন করেছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

প্রাণিসম্পদ বিভাগীয় সকল কর্মকর্তাদের প্রতি বছর ৬০ (ষাট) জনঘন্টা প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দের অপ্রতুলতা রয়েছে । অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউটের জনবল সল্পতা এবং কর্মকর্তাদের বিদেশে প্রশিক্ষণের সুযোগ না থাকায় আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের চ্যালেঞ্জ নেওয়া যাচ্ছে না । ওটিআই-এর প্রশিক্ষণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বর্তমান ৪০ আসন বিশিষ্ট ডরমিটরীর মেরামতসহ ৬০ আসন বিশিষ্ট নতুন ডরমিটরী স্থাপনের প্রয়োজন রয়েছে । এছাড়াও অধিশেন কক্ষ, ডাইনিং রুম, অত্যাধুনিক অডিটোরিয়াম, ডিজিটাল লাইব্রেরী, ইংলিস ল্যাঙ্গুয়েজ ল্যাব, কম্পিউটার ল্যাব, সেমিনার কক্ষ, শিশু সন্তানসহ মহিলা প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের থাকার সু-ব্যবস্থা, প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য যানবাহনের ব্যবস্থাসহ বিভিন্ন লজিস্টিক সাপোর্ট বাড়ানোর জন্য মাস্টার প্ল্যান প্রনয়ন ও বাস্তবায়ন দরকার ।

### ভবিষ্যৎ পরিকল্পনাঃ

ভিশন-২০২১ অনুযায়ী জনপ্রতি নিরাপদ প্রাণিজ আমিষ যথা- দুধ, মাংস ও ডিমের চাহিদা যথাক্রমে ২৫০ মিলি/দিন, ১২০ গ্রাম/দিন ও ১০৪টি/বছর পুরণের লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রমের গতিশীলতা ও দক্ষতা বৃদ্ধির নিমিত্তে বিভাগীয় সকল পর্যায়ের কর্মকর্তাদের ৬০(ষাট) জনঘন্টা প্রশিক্ষণ নিশ্চিত করা। মেধাবী জাতি ও দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে উদ্ভাবিত নতুন প্রযুক্তি দ্রুত সুফলভোগীদের মাঝে পৌছানোর লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাদের ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করা হবে ।

### ২০১৭-১৮ অর্থ বছরে সম্ভাব্য অর্জনঃ

বিভাগীয় সকল পর্যায়ের কর্মকর্তাদের বার্ষিক ৬০ জনঘন্টা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিভিন্ন মেয়াদী কোর্সে সর্বমোট ১০৫০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং ২ টি সেমিনার ও ২টি কর্মশালার আয়োজন করা হবে ।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধ্যক্ষ (ওটিআই), প্রাণিসম্পদ অধিদপ্তর

এবং

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের -------------------- তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই  চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# সেকশন ১:

রূপকল্প (**Vision),** অভিলক্ষ্য (**Mission),** কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প** (Vision) :

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণের লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি ও সময়োপযোগী করণ ।

**১.২ অভিলক্ষ্য (Mission) :**

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপুরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

**১.৩.১** ওটিআই-এর কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মানবসম্পদ উন্নয়ণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২. কার্যাপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন;

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

৪. তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ;

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;

**১.৪ কার্যাবলি (Functions):**

১.৪.১ প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা বাস্তবায়ন সম্পর্কে কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান ।

১.৪.২ দুধ, মাংস ও ডিমের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকান্ডের গতিশীলতা আনয়নের নিমিত্তে বিভাগীয় কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান ।

১.৪.৩ গবাদিপশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কৌশল সম্পর্কে প্রশিক্ষণ প্রদান ।

১.৪.৪ গবাদিপশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান ।

১.৪.৫ প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মুদ্রা অর্জন ।

১.৪.৬ গবাদিপশু-পাখির খামার ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪.৭ প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন।

# সেকশন ২
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ
## (মোট মান - ৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) | প্রক্ষেপন (Projection) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| মানবসম্পদ উন্নয়ণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ৮০ | ১.১ কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ৬০ | ১১৪ | ৪২৯ | ১০৫০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ১১০২ | ১১৫৭ |
| | | ১.২ সেমিনার আয়োজন | আয়োজিত সেমিনার | সংখ্যা | ১০ | - | - | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |
| | | ১.৩ কর্মশালা আয়োজন | আয়োজিত কর্মশালা | সংখ্যা | ১০ | - | - | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |

# মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

(মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি০০০০০০০ | ১৬ জানুয়ারি | ১৭ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি |
| | | ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যাপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয় সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকরা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | দপ্তর বা সংস্থার কমপক্ষে একটি সেবপ্রক্রিয়া সহজীকৃত | সেবপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারী | ১৫ মাচ | - |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | - | - | - | - |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটির নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটির নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting Room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারি | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | ক্ষ্যমাত্রার মান-২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, অধ্যক্ষ (ওটিআই) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের অধ্যক্ষ (ওটিআই) এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

অধ্যক্ষ (ওটিআই)
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা ।

২২/০৬/২০১৭
তারিখ

মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

২২/০৬/১৭
তারিখ

**সংযোজনী-১**

# শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) |
| ২. | বিসিএস | বাংলাদেশ সিভিল সার্ভিস (Bangladesh civil service) |
| ৩. | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services) |
| ৪. | এফওয়াই | অর্থ বছর (Fiscal Year) |
| ৫. | জিডিপি | মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) |
| ৬. | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock) |
| ৭. | ওটিআই | অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট |
| ৮. | পিআই | পারফরমেন্স ইন্ডিকেটর (Performance Indicators) |
| ৯. | এসআইপি | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (Small Improvement Project) |
| ১০. | এসডিজি | টেকশই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goal) |

### সংযোজনী - ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত কর্মকর্তা | প্রশিক্ষণ এমন একটি পরিকল্পিত প্রক্রিয়া যার মাধ্যমে কর্মকর্তাদের পেশাগত জ্ঞানের উৎকর্ষ সাধন ও দক্ষতা বৃদ্ধি হয় এবং কর্মকর্তাদের দৃষ্টিভঙ্গি ও আচরণের ইতিবাচক পরিবর্তন সাধিত হয়। ওটিআই-তে সম্পাদিত প্রশিক্ষণসমূহ : বিভাগীয় সম্প্রসারন, প্রশাসন ও অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, বুনিয়াদি প্রশিক্ষণ, বিশেষায়িত প্রশিক্ষণ যেমন- বিভাগীয় আইন ও বিধিমালা সম্পর্কিত প্রশিক্ষণ, পশু খাদ্য ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ, উন্নত ঘাস চাষ ও পুষ্টি সম্পর্কিত প্রশিক্ষণ, গবাদির উন্নত জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন সম্পর্কিত প্রশিক্ষণ এবং নিরাপদ খাদ্য তৈরী এবং খাদ্যে মূল্য সংযোজন বিষয়ক প্রশিক্ষণ প্রদান । | ওটিআই সাভার, ঢাকা । | ওটিআই এর মাসিক ও বার্ষিক রিপোর্ট | পর্যাপ্ত বাজেট বরাদ্দ এবং প্রশিক্ষণের জন্য ওটিআই-এর সক্ষমতা বাড়ানো প্রয়োজন । |
| ২. | সেমিনার আয়োজন | আয়োজিত সেমিনার | সেমিনার হলো একটি আনুষ্ঠানিক উপস্থাপনা যা এক বা একাধিক বিশেষজ্ঞের মাধ্যমে অংশগ্রহনকারী পেশাজীবিবৃন্দ একটি নিৰ্দ্দিষ্ট বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয় ।<br>নতুন নতুন সমস্যা সমাধানে এবং নতুন উদ্ভাবিত প্রযুক্তি প্রচার ও সম্প্রসারনের জন্য নিয়ে সেমিনার আয়োজন করা । | ওটিআই সাভার, ঢাকা । | ওটিআই এর মাসিক ও বার্ষিক রিপোর্ট | পর্যাপ্ত বাজেট বরাদ্দ এবং সেমিনারের জন্য সেমিনার কক্ষ তৈরী প্রয়োজন । |
| ৩. | কর্মশালা আয়োজন | আয়োজিত কর্মশালা | কর্মশালায় একটি বিশেষ বিষয়ে দলীয়ভিত্তিক জ্ঞান ও অভিজ্ঞতা শেয়ার করে অংশগ্রহনকারী পেশাজীবিদের সম্মতিতে আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেয় । বাংলাদেশের অর্থনীতিতে ২০৩০ সালের মধ্যে এসডিজি লক্ষ্য পূরনে প্রাণিসম্পদ অধিদপ্তরের ভূমিকা এবং সাম্প্রতিককালে ইমার্জিং ও রি-ইমার্জিং ডিজিজ সম্পর্কে বিভাগীয় কর্মকর্তাদের নিয়ে কর্মশালার আয়োজন । | ওটিআই সাভার, ঢাকা । | ওটিআই এর মাসিক ও বার্ষিক রিপোর্ট | পর্যাপ্ত বাজেট বরাদ্দ এবং সম্মেলন কক্ষ তৈরী প্রয়োজন । |